



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা কলেজ, ঢাকা-১২০৫
www.dhakacollege.edu.bd

তারিখ: ২৬/০৪/২০২৪ খ্রি:

বোর্ড বৃত্তির টাকা প্রাপ্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এই কলেজে বোর্ড বৃত্তিপ্রাপ্ত সকল (উচ্চ মাধ্যমিক ও অনার্স) শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, তাদের বোর্ড বৃত্তির Payment Status রিপোর্ট ঢাকা কলেজ ওয়েবসাইটে (www.dhakacollege.edu.bd) দেয়া আছে।

উক্ত রিপোর্টে যে সকল শিক্ষার্থী (উচ্চ মাধ্যমিক ও অনার্স) Payment Status রিপোর্টে যাদের নামের পার্শে **Not Paid** আছে তাদেরকে এসএসসি/দাখিল, এইচএসসি/আলিম এর মার্কসীটের কপি, বোর্ড বৃত্তির গেজেটের কপি, চেক বহি এর পাতার কপি অথবা ব্যাংক হিসাব বিবরণীর কপিসহ (প্রযোজ্য ক্ষেত্রে) আগামী ০৮/০৫/২০২৪ তারিখের মধ্যে ঢাকা কলেজের অফিস সহকারী জনাব মোঃ সোহরাব হোসেন এর সাথে যোগাযোগ করে বোর্ড বৃত্তির তথ্য সংশোধন করার জন্য নির্দেশ দেয়া গেল।

Payment Status রিপোর্টে যাদের নামের পার্শে **Bounce Back** আছে তাদের হিসাব সচল আছে কিনা ব্যাংকের সাথে যোগাযোগ করার জন্য বলা হলো। ব্যাংক হিসাব নম্বরে কোন তথ্য ভুল থাকলে তা পরিবর্তন করে ব্যাংক হিসাব বিবরণীর কপি নিয়ে উক্ত তারিখের মধ্যে বোর্ড বৃত্তির তথ্য সংশোধন করার জন্য নির্দেশ দেয়া গেল।

বোর্ড বৃত্তিপ্রাপ্ত কোন শিক্ষার্থী বৃত্তির কাগজ পূর্বে জমা না দিয়ে থাকলে তারাও উক্ত তারিখের মধ্যে বৃত্তির কাগজ জমা দিতে পারবে।

বৃত্তির টাকা প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলী বাধ্যতামূলক:

- ০১। কোনো শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের কম বয়সের শিক্ষার্থীদের পিতা-মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব হতে হবে।
- ০২। শিক্ষার্থীর বৃত্তির গেজেটের নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে।
- ০৩। অনলাইন ব্যাংক হিসাব অবশ্যই ১৩ থেকে ১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুল হতে হবে।
- ০৪। শিক্ষার্থীর পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, পাসের সাল ও প্রাপ্ত CGPA সঠিক হতে হবে।
- ০৫। বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিক হতে হবে।
- ০৬। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর ও শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিক হতে হবে।
- ০৭। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল (Active) থাকতে হবে।
- ০৮। শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা-মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না।
- ০৯। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব হলে হিসাবধারীর নামে প্রথমে শিক্ষার্থীর নাম তারপর and পিতা/মাতার নাম হবে।
- ১০। কোন শিক্ষার্থীর নামের বানানে হাইফেন থাকলে ব্যাংক হিসাবে হাইফেন এর স্থলে (-) single space দিয়ে ব্যাংক হিসাব খুলতে হবে।

যথাসময়ে তথ্য সংশোধন না করার জন্য বৃত্তির টাকা উত্তোলনে কোন সমস্যা হলে পরবর্তীতে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


২৬.০৪.২০২৪

(অধ্যাপক মোহাম্মদ ইউসুফ)

আইডি নং-৭৬৩৮

অধ্যক্ষ

ঢাকা কলেজ, ঢাকা-১২০৫

ফোন: ০২-৯৬১৩৫৫৯

E-mail: dhakacollegeprincipal@gmail.com